# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৩

১/ বিবিধ

আরবী

يصف الناس يوم القيامة صفوفا، فيمر الرجل من أهل النار على الرجل فيقول: يا فلان أما تذكر يوم استسقيت، فسقيتك شربة؟ قال: فيشفع له، ويمر الرجل فيقول: أما تذكر يوم ناولتك طهورا؟ فيشفع له، ويمر الرجل فيقول: يا فلان أما تذكر يوم بعثتني في حاجة كذا وكذا فذهبت لك؟ فيشفع له
ضعيف

أخرجه ابن ماجه (2 / 394) من طريق يزيد الرقاشي عن أنس مرفوعا، ويزيد هذا هو ابن أبان وهو ضعيف كما قال الحافظ وغيره، وقد روى غيره نحو هذا عن أنس، ولا يصح منها شيء، انظر " الترغيب " (2 / 50 - 51)

বাংলা

৯৩। কিয়ামত দিবসে লোকদের কাতার বন্দি করা হবে। অতঃপর জাহান্নামের কোন এক ব্যাক্তি অন্য এক ব্যাক্তিকে অতিক্রম করবে আর বলবেঃ হে ব্যাক্তি! তুমি কি স্মরণ করতে পারছ না সেই দিনটিকে যেদিন তুমি (আমার নিকট) পানি চেয়েছিলে? অতঃপর আমি তোমাকে একবার পানি করিয়েছিলাম। তিনি বলেনঃ অতঃপর তার জন্য সুপারিশ করা হবে। অন্য এক ব্যাক্তি অতিক্রম করবে আর বলবেঃ হে ব্যাক্তি! তুমি কি স্মরণ করতে পারছ না সেই দিনটিকে যেদিন আমি তোমাকে পবিত্রতা অর্জনের জন্য পানি দিয়েছিলাম? অতঃপর তার জন্য সুপারিশ করা হবে। অন্য এক ব্যাক্তি অতিক্রম করবে আর বলবে যে, হে ব্যাক্তি! তুমি কি স্মরণ করতে পারছ না সেই দিনটিকে যেদিন তুমি আমাকে এ এ প্রয়োজনে প্রেরণ করেছিলেন আর আমি তোমার জন্য গিয়েছিলাম? অতঃপর তার জন্য সুপারিশ করা হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মাজাহ্ (২/৩৯৪) ইয়াযীদ বুকাশী সূত্রে আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

তিনি হচ্ছেন ইয়াযীদ ইবনু আবান; তিনি দুর্বল, যেরূপভাবে ইবনু হাজার ও অন্যরা বলেছেন। তিনি ছাড়া অন্য ব্যক্তিও হাদীসটি আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। সেগুলোর কোন একটিও সহীহ নয়। দেখুন “আত-তারগীব" (২/৫০-৫১)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5354

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন